



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৭৬৯

তারিখঃ ২২/১১/২০১৬


প্রেস বিজ্ঞপ্তি

৫৯০ তম কমিশন সভা অদ্য ২২/১১/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অদ্যকার সভায় কমিশন, IDLC Finance Limited এর রাইট শেয়ার (১ R : ২ অর্থাৎ বিদ্যমান ২টি সাধারণ শেয়ারের বিপরীতে ১টি সাধারণ শেয়ার রাইটস শেয়ার হিসেবে প্রদান) এর প্রস্তাব অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে IDLC Finance Limited ১২,৫৬,৮৩,৫৯৩ টি সাধারণ শেয়ার প্রতিটি ২০ টাকা মূল্যে (প্রতি শেয়ার টা: ১০/- প্রিমিয়ামসহ) বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি পেল। এর মাধ্যমে কোম্পানিটি ২৫১,৩৬,৭১,৮৬০/- টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে মূলধন ভিত্তি শক্তিশালীকরণ তথা পোর্টফোলিওতে (SME, Consumer and Corporate Lending Portfolio) Lending বৃদ্ধি করবে। ২০১৫ সালের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী কোম্পানিটির শেয়ার প্রতি NAV টাঃ ৩০.৯৭ এবং শেয়ার প্রতি আয় টা: ৫.৮১। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে City Bank Capital Resources Ltd. কাজ করছে।
২. Mutual Trust Bank Limited এর ৫০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unsecured, Unlisted, Coupon Bearing Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, Mutual Trust Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tier-II Regulatory Capital এর শর্ত পূরণ করবে। উক্ত বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে RSA Capital Limited এবং IDLC Finance Limited কাজ করছে।
৩. কতিপয় বিনিয়োগকারী কর্তৃক দাখিলকৃত অভিযোগের ভিত্তিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নির্দেশে HAC Securities Limited (DSE TREC No. 074) -এ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক তদন্তের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- ক) ইকুইটি ও ঋণ অনুপাত ১২৫% এর উপরে থাকা সত্ত্বেও ফোর্স সেল করে গ্রাহকের ঋণ হিসাব সমন্বয় করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 এর লংঘন এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর লংঘন; এবং
- খ) গ্রাহকের হিসাবের Pre IPO শেয়ার কমিশন ও স্টক এক্সচেঞ্জকে অবহিত না করে বিক্রয় করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 তাং 14/07/2010 এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন, HAC Securities Limited -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


২২/১১/২০১৬

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।